

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪২৪

শান্তিরবাজার, ১৫ জুন, ২০২৪

শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিসের পাকা ভবনের উদ্বোধন  
রাজ্যের গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী করা হচ্ছে : খাদ্যমন্ত্রী

রাজ্যের গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী করা হচ্ছে। গণবন্টন ব্যবস্থায় ভোক্তাদের কাছে সঠিক পরিমাণে ও গুণগত পণ্য সামগ্রী পৌঁছে দেওয়া সুনিশ্চিত করতে রাজ্য সরকার পদক্ষেপ নিয়েছে। এ বিষয়ে ভোক্তাদেরও সচেতন করে তোলার জন্য খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস ও পরীক্ষাগারের পাকা ভবনের উদ্বোধন করে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী বলেন, সরকারের লক্ষ্য ভোক্তাগণ যেন কোনও অবস্থাতেই প্রতারণিত বা বঞ্চিত না হন। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে সরকার কঠোর মনোভাব নিয়েছে। এজন্য প্রতিনিয়ত বিভিন্ন বাজারে অভিযান চালানো হচ্ছে। সরকার লক্ষ্য রাখছে কোনও অবস্থাতেই যেন মেয়াদ উত্তীর্ণ পণ্য সামগ্রী বাজারে বিক্রয় না হয়।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী আরও বলেন, শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস নিয়ে রাজ্যে মোট ১৮টি লিগ্যাল মেট্রোলজি অফিস রয়েছে। লিগ্যাল মেট্রোলজি অফিসগুলিতে ভোক্তাগণ পণ্য সামগ্রী নিয়ে তাদের অভিযোগ জানাতে পারবেন। পণ্য সামগ্রীর গুণগতমানও তারা এই অফিসে পরীক্ষা করার সুযোগ পাবেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। উল্লেখ্য, শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস নির্মাণে ব্যয় হয়েছে ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা।

\*\*\*\*\*